আত্মকথা

১৫ই জুলাই
২০২১

পত্রিকার পক্ষ থেকে

প্রায় দেড় বছর ধরে মহামারীর সাথে ঘর করা হয়ে গেল আমাদের । তমসাচ্ছন্ন এই অন্ধকার এখুনি কেটে যাবে এমন কোন আশার আলো আমরা দেখতে পাইনি । দেশে বিদেশে প্রচুর মানুষ মারা গেছেন এবং সেই ঢেউ এসে আছড়ে পড়েছে আমাদের আশেপাশেও। কিছুদিন আগে চলে গেলেন প্রিয় কবি শঙ্খ ঘোষ ও । মানব সভ্যতার এই সঙ্কটে যদি কেউ নিরলস লড়াই করে থাকে তাহলে সেটা হল বিজ্ঞান এবং সেই বিজ্ঞানের আলো দেখানো পথে অজস্র একদম রণাঙ্গনের মধ্যে দাঁড়িয়ে মরণপণ লড়াই করে চলেছেন চিকিৎসক , নার্স এবং আরো অনেক অজস্র স্বাস্থ্যকর্মী । তাঁদের সবাইকে আত্মকথা'র পক্ষ থেকে রইলো কুর্নিশ । অনেক আশা জাগিয়ে এসেছে বেশ কিছু ভ্যাক্সিন এবং আরো কিছু ভ্যাকসিন আসতে চলেছে । আপাতত আমাদের সবার লক্ষ্য হওয়া উচিৎ কীভাবে সবাই এই ভ্যাকসিন পেতে পারেন এবং সেটা যত তাড়াতাড়ি সম্ভব। আত্মকথার পক্ষ থেকে সমস্ত সদস্যদের বলব আপনারা নিজেরা ভ্যাকসিন নেবেন তো অবশ্যই সেই সাথে দেখুন আপনাদের আশেপাশে যারা অর্থনৈতিক ভাবে বেশ কিছুটা পিছিয়ে আছেন তাঁদের এই ভ্যাকসিন নিতে সাহায্য করুন। কারণ মনে রাখতে হবে আমরা তখনই সুরক্ষিত যখন এই পৃথিবীর একজনও অরক্ষিত নন।

যেহেতু অতিমারীর প্রভাব আমরা এখনো সম্পূর্ণ কাটিয়ে উঠেতে পারিনি। এখনো আমাদের মেনে চলতে হচ্ছে বেশ কিছু নিয়ম বিধি । এখনো আমরা সামনা সামনি দেখা সাক্ষাৎ , মুখোমুখি কথা বলতে পারছিনা। এই দুঃসময়ে কিছুটা হলেও সেই দুরত্বের ব্যবধান ঘুচিয়ে দিতে পেরেছে এই আত্মকথা। নয় নয় করে যার বয়স হল কুড়ি বছর। এবং এই মুহূর্তে হয়ত সত্যিই আরো ভালো হত যদি আমরা আরো একটু কাছাকাছি সময়ের ব্যবধানে আত্মকথা আপনাদের হাতে তুলে দিতে পারতাম। কিন্তু এই একটি বিষয় সম্পূর্ণ নির্ভর করছে আপনাদের উপরে । আপনারা যদি চান তাহলে আমাদের কাছে এখন থেকেই পাঠাতে শুরু করুন লেখা , কবিতা , গল্প , ছবি … নীচের ই-মেল ঠিকানায়…

atmaja_calcutta@yahoo.com অথবা piyanaskar@gmail.com অথবা prasun2008@yahoo.co.in
খুব তাড়াতাড়ি আমরা আমাদের আত্মকথার পরবর্তী সংখ্যা বের করব এই স্বপ্ন মনের মধ্যে নিয়ে আজ এই ১৫ই জুলাই , ২০২১ আমরা আত্মকথার এইবারের সংখ্যাটি আপনাদের হাতে তুলে দিলাম…

এই মুহূর্তে বর্ষাকে হৃদয়ে ধরে নিয়ে , চোখে আগামী শারদীয়ার উৎসবের স্বপ্ন বাঁচিয়ে রেখে সবাই ভালো থাকুন , সুস্থ থাকুন … সবাইকে ভালোবাসুন , ভালো রাখুন ।

'আত্মকথা'র সম্পাদক মন্ডলী

মাটিতে শয়ান বুকের উপরে এসে
ঝরে পড়ে আছে কত বাসাহারা শিশু
অসাড় হাতের ডানায় অনিঃশেষে-
কোনোখানে দিশা দেখাতে পারিনি কিছু।
তবু একবার আমারই শিয়রদেশে
ভোলাও ব্যক্তি, ভুলিয়ে দাও-বা-দলও-
সেদিন যেভাবে বলতে সহজে এসে
সেই কথাগুলি আরো একবার বলো।

(শঙ্খ ঘোষ)

সম্পাদকের কলমে

আবারও ফিরে এলো কোভিদ-১৯ প্রসঙ্গ। প্রতিষেধক আবিষ্কার সত্ত্বেও আমরা কোভিদের দ্বিতীয় ঢেউকে আটকাতে পারিনি। তার সম্ভাব্য কারণ সমূহ পর্যালোচনা করার জন্য শামিল না হলেও, কিছু আলোচনা করা যেতেই পারে। একটা প্রধান কারণ অবশ্যই হল চিকিৎসকমহলের সতর্কতাবাণী সত্ত্বেও উপযুক্ত সময়ের জন্য অপেক্ষা না করেই জনগণের লাগামছাড়া এবং সতর্কতাবিহীন দৈনিক জীবনযাত্রায় ফিরে যাওয়া। প্রতিষেধক আবিষ্কারের আনন্দে টীকাকরণ ভালোভাবে শুরু হবার আগেই মানুষ প্রাক্-কোভিদ অভ্যাসে ফিরে গেল, যদিও এ ব্যাপারে ডাক্তারবাবুদের থেকে অনেক সাবধানবাণী ছিল। এছাড়া নোভেল করোনা ভাইরাসের জিনগত পরিবর্তন অনেকাংশে দায়ী। তবে নির্বাচন নিয়ে ভারতের বেশ কয়েকটি রাজ্যে যেভাবে মানুষের সমাবেশ ঘটেছে এবং তার সঙ্গে টীকাকরণের ধীরগতি কোভিদের দ্বিতীয় ঢেউকে খাল-কেটে-কুমীর-আনার মত যেন নিমন্ত্রণ করে নিয়ে আসা হয়েছিল। যাই হোক্, দ্বিতীয় ঢেউ প্রায় অতিক্রান্ত। কোভিদের তৃতীয় ঢেউ আসন্ন। আশা করি আমরা দ্বিতীয় ঢেউয়ের অভিজ্ঞতা থেকে বুঝতে পারছি যে এবার আমাদের অনেক্ বেশি সতর্ক থাকতে হবে, যাতে তৃতীয় ঢেউকে আমরা সহজে অতিক্রম করতে পারি; বেশি বাড়াবাড়ি পর্যায়ে যাতে তা না যেতে পারে। দ্রুতগতিতে টীকাকরণ আমাদের, পুরোটা না হলেও, কিছুটা রক্ষাকবচ দেবে বলে আশা করা যায়। অবশ্যই সাম্প্রতিককালে ঘটে যাওয়া ভুয়ো টীকাকরণ যাতে আবার না ঘটে সেদিকে সরকারের নজর দেওয়া দরকার। কিছু বিজ্ঞানী একটু আশার আলো দিয়েছেন এই বলে যে তৃতীয় ঢেউয়ের পরবর্তী ঢেউগুলি আর তত সংক্রামক বা মারাত্মক হবে না।

কোভিদের আবহে অনেক অনেক খারাপ খবরের মধ্যে একটা হল যে ছাত্রছাত্রীদের পরীক্ষা ব্যবস্থা একেবারে ঘেঁটে গেল। দশম ও দ্বাদশ শ্রেণীর বোর্ডের ফাইনাল পরীক্ষা হচ্ছে না। এতে খুশীর কারণ থাকতে পারে বটে, কিন্তু তার পরিণতি হয়তো সবসময় সুখের নাও হতে পারে। মুড়ি-মুড়কী এক হয়ে যাবার একটা সম্ভাবনা তো আছেই। তাছাড়া এটা একটা ছাপ যেটা সারা জীবন বয়ে বেড়াতে হবে। তবে খুব হতাশ হবারও কোনও কারণ নেই। জীবনের স্বাভাবিক নিয়মে একজন যোগ্য মানুষ কোথাও না কোথাও উপযুক্ত সন্মান পাবে।

আত্মজা এবং তার ক্রিয়াকর্ম এই রুদ্ধশ্বাস পরিবেশের মধ্যেও নিজ লয়ে এগিয়ে চলেছে। এই বছরে আত্মকথার এই দ্বিতীয় সংখ্যাটি সময়মত ১৫ই জুলাই প্রকাশিত হবে। গত সংখ্যা ১৫ই জানুয়ারী প্রকাশের পর আমাদের রবীন্দ্র -নজরুল সন্ধ্যা অনলাইনে উদ্‌যাপিত হয়েছে গত ৬ই জুন। তারপর বার্ষিক সাধারণ সভাও অনলাইনে অনুষ্ঠিত হয়েছে গত ২৭শে জুন। সেদিন সভার পর একটি শ্রুতিনাটক সবাইকে মুগ্ধ করেছে। অন-লাইন ব্যবস্থায় আত্মজার কার্য্যনির্বাহী কমিটির দু'টো মিটিং হয়েছে ১৪ই মার্চ এবং ২৩শে মে। আমরা এখনও আশা রাখি যে এই বছরের শেষে ছোটখাটো হলেও একটা অনুষ্ঠান, হয়তো বা অনলাইনে, করতে পারব আমাদের কুড়ি বছর পূর্তি উপলক্ষ্যে।

এখন জোর কদমে রাত জেগে ফুটবল খেলা দেখা চলছে। এই লেখা যখন প্রকাশিত হবে, তখন সেই সময়টা শেষ হয়ে যাবে। ইউরো এবং কোপা আমেরিকা চ্যাম্পিয়ন কারা কারা হল তা আমরা জেনে যাব। নতুন আরেকটা আকর্ষণীয় কিছুনা আসা অবধি(এবং তারপরেও) সবাই ভাল থাকুন, সুস্থ ও নিরাপদে থাকুন এবং আনন্দে থাকুন। সবাইকে প্রীতি ও শুভেচ্ছা জানাই।

অনুপ দেওয়ানজী
সম্পাদক, আত্মজা

ছোটদের পাতা — হাতে নিয়ে তুলি , পাত্রে নিয়ে রঙ ...

শিল্পী—শুচিস্মিতা শিকদার



শিল্পী—স্বয়ম্ভু পাত্র

ছোটদের পাতা — হাতে নিয়ে তুলি , পাত্রে নিয়ে রঙ ...

শিল্পী—শুভলক্ষ্মী ঘোষ

ছোটদের পাতা — হাতে নিয়ে তুলি , পাত্রে নিয়ে রঙ ...



শিল্পী—অহিতি

Kalpana Datta-The firebrand Bengali Freedom Fighter

Kaushik Bhattacharya

Kalpana Datta was an Indian Freedom fighter and a member of the armed independence movement led by the Great Masterda Surya Sen, which carried out the Chittagong armory raid in 1930.

She was born in a small village of Chittagong District in the Bengal Province of British India (now Bangladesh) on 27 July 1913. Her father Binod Behari Datta was a government employee. After completing matriculation in 1929, she went to Calcutta to join Bethune College for graduation in Science. There she joined the Chhatri Sangha, a semi-revolutionary organization.

The Chittagong Armory Raid took place on 18 April 1930 and Kalpana joined the "Indian Republican Army, Chittagong branch", the armed resistance group led by Surya Sen in May 1931. She was entrusted with the safe carrying of heavy explosive materials from Calcutta. She also secretly prepared ‘gun-cotton’ and planned to plant a dynamite fuse under the court building and inside the jail to free the revolutionary leaders, who were being tried in a special tribunal. In September, 1931 Surya Sen entrusted her along with Pritilata Waddedar to attack the European Club in Chittagong. But a week before the attack, she was arrested. She went underground after her release on bail. On 16 February 1933 the police encircled their hiding place in Gairala village, and in that raid Surya Sen was arrested but Kalpana was able to escape from there. She was finally arrested on 19 May 1933 and imprisoned. She was released in 1939. After that she graduated from the Calcutta University in 1940. She served as a relief worker during the 1943 Bengal famine and during the partition of Bengal. Later, she joined the Indian Statistical Institute where she worked until her retirement. She died in Calcutta on 8 February 1995. Kalpana Datta still remains an inspiration to all Bengalis and Indians for her courageous act during Indian freedom movement.

আরেকটিবার স্বয়ংসিদ্ধা
ফিরে এসো মাগো , দুধভাত মাখা বাটিতে
আমার শিকড় আশ্রয় চায়
এখনো তোমার হাজারফসলি মাটিতে। (মল্লিকা সেনগুপ্ত)

ছোটদের পাতা — হাতে নিয়ে কলম , শব্দে , অক্ষরে ...

প্রীতিলতা ওয়াদ্দেদার :স্বাধীনতা আন্দোলনের এক উল্লেখযোগ্য মহীয়সী রমণী

ঋতায়ন চট্টোপাধ্যায়

২০১৯ সালের অক্টোবর মাসে আমরা তিনজন এবং আরও বন্ধুবান্ধব (প্রায় ৩৫ জনের একটি দল) মিলে বাংলাদেশে বেড়াতে গিয়েছিলাম। প্রথমে কুষ্টিয়া ওখান থেকে কুমিল্লা তারপর চট্টগ্রাম। চট্টগ্রাম যাব শুনে আমার গায়ে কেমন যেন শিহরন জাগছিল। সেই চট্টগ্রাম যেখানে ১৯৩০ সালের ১৮ইএপ্রিল শুরু হয়েছিল চট্টগ্রাম যুব বিদ্রোহ। চট্টগ্রাম শহরে পৌঁছে শুনলাম যে পরের দিনই ইউরোপিয়ান ক্লাব এবং দামপাড়া পুলিশ স্টেশন দেখতে যাওয়া হবে। শুনে তো উত্তেজনায় আমার রাতে ঘুমই আসেনা যে কখন সকাল হবে। শেষমেশ সকাল হলো। সকাল দশটায় সবাই মিলে সেই ব্রিটিশ আমলের পুলিশ স্টেশন এর উদ্দেশ্যে রওনা হলাম।কিন্তু সেটি যে আসলে কোথায় তা কেউ বলতে পারলোনা। অবশেষে বেশ কিছুক্ষণ এদিক-ওদিক খোঁজার পর জানতে পারলাম সেই ব্রিটিশ আমলের থানা আর কোথাও নেই, আছে আমাদের সামনেই।ভাবলাম এতক্ষণ ধরে চোখে পড়লনা?

তবে চোখে না পড়ারই কথা কারণ সেটি আর থানা নেই, হয়েছে একটি সংশোধনাগার । শেষপর্যন্ত ঢোকার অনুমতি পাওয়া গেলনা। খুব দুঃখ হলো, যাকগে ইউরোপিয়ান ক্লাব তো দেখা যাবে তাই মনের মধ্যে আবার নতুন করে উত্তেজনা জেগে উঠলো । বেলা দুটো নাগাদ গিয়ে পৌঁছলাম পাহাড়তলী ইউরোপিয়ান ক্লাবে। জায়গাটা দেখেই গায়ে কেমন কাঁটা দিয়ে উঠলো। ক্লাবটির বেশিরভাগ অংশ ধ্বংস হয়ে গেছে "ইন্ডিয়ান রিপাবলিকান আর্মি"-র বোমাবর্ষণে, তবে যেটুকু আছে তাতে একটি সরকারি অফিস খুলেছে, এবং সামনের দিকটায় আছে প্রীতিলতা ওয়াদ্দেদার স্মৃতি জাদুঘর। সেদিনটি শুক্রবার ছিল বলে সেটি বন্ধ ছিল।

কিছুক্ষণ ওখানে থাকার পর আমরা গেলাম সেই স্থানে যেখানে প্রীতিলতা পটাসিয়াম সায়ানাইড খেয়ে শহীদ হয়েছিলেন। গিয়ে দেখলাম সেখানে একটি মূর্তি স্থাপিত হয়েছে। কিছুক্ষণ ওখানে থাকতেই চোখে জল চলে এলো। আমরা ওনার মূর্তিতে মালা দিলাম এবং দেশাত্মবোধক গান করলাম। ওখানে দাঁড়িয়ে আমার ওনার আত্মোৎসর্গের কাহিনী মনে পড়ে গেল। সেটাই আমি এখানে লিখছি এবার।১৯১১ সালের ৫ই মে অবিভক্ত বাংলার চট্টগ্রাম জেলার ধলঘাট গ্রামে প্রীতিলতা জন্মগ্রহণ করেন। ওনার ডাকনাম ছিল রানী এবং ছদ্মনাম ফুলতারা। 'ডঃখাস্তগীর সরকারি বালিকা বিদ্যালয়' ছিল তার প্রথম শিক্ষা প্রতিষ্ঠান। ১৯২৬ সালে তিনি সংস্কৃত পরীক্ষায় বৃত্তি লাভ করেন। ১৯২৮ সালে তিনি কয়েকটি বিষয় লেটার মার্কস পেয়ে প্রথম বিভাগে ম্যাট্রিক পাস করেন। ১৯৩০ সালে আই.এ পরীক্ষায় তিনি মেয়েদের মধ্যে প্রথম এবং সবার মধ্যে পঞ্চম স্থান লাভ করেন। এই ফলাফলের জন্য তিনি মাসিক ২০টাকার বৃত্তি পান এবং তারপর কলকাতার 'বেথুনকলেজে' পড়তে যান। সেখানে ১৯৩২ সালে ডিস্টিংশন নিয়ে তিনি বি.এ. পাস করেন।

এইসময় তিনি বাঘাযতীন, ক্ষুদিরাম, কানাইলাল দত্তের জীবনী পড়ে বিপ্লবী আদর্শে অনুপ্রাণিত হন এবং ঢাকায় ফিরে গিয়ে দিপালী সংঘের সাথে যোগ দিয়ে লাঠি খেলা, ছোরা খেলা প্রভৃতি শিখেছিলেন। মাস্টারদার নেতৃত্বে এক সশস্ত্র বিপ্লব সমগ্র চট্টগ্রামকে ইংরেজ শাসন মুক্ত করে চট্টগ্রাম অস্ত্রাগার, টেলিগ্রাফ অফিস দখল করে। এইসময় প্রীতিলতা বিপ্লবী কার্যকলাপের সাথে জড়িয়ে পড়েন। ১৯৩২ সালের ২৪শে সেপটেম্বর পাহাড়তলী ইউরোপিয়ান ক্লাব আক্রমণের দায়িত্ব মাস্টারদা প্রীতিলতাকে দেন। কয়েকজন বিপ্লবীকে নিয়ে প্রীতিলতা ইউরোপিয়ান ক্লাব আক্রমণ করেন। ক্লাবরক্ষীদের পাল্টা আক্রমণে তিনি আহত হন। আহত প্রীতিলতা অন্যান্য বিপ্লবীদের স্থানত্যাগের নির্দেশ দেন এবং পুলিশের হাতে ধরা না দেবার জন্য তিনি পটাশিয়াম সায়ানাইড খেয়ে মৃত্যুবরণ করেন। ভারতের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে মহিলা বিপ্লবীদের মধ্যে তার নাম চিরস্থায়ী হয়ে আছে। এইসব ভাবতে ভাবতে হঠাৎ দেখলাম বাস ছাড়ার সময় চলে এসেছে। কিন্তু এই স্মৃতি আমার জীবনে এক অমূল্য সম্পদ হয়ে রইল।

Dīn-i IlāhīAkbar

Iman Ghosh ,Class VIII, St. Claret School, Barrackpore

Born: October 1542 in Umarkot, now in Pakistan

Died: October 1605 in Agra, India

Reign: 1556 to 1605

Full name: Abu'l-Fath Jalal-ud-din Muhammad Akbar

We all have heard about Mughal emperor Akbar. All of us have some idea about why he is called *the greatest of the greater Mughals.*He had some qualities which the other Mughal Emperors did not have.There is a legend about Akbar's birth. Akbar was born at a time, when his father Humayun was running away towards north-west frontier regionas he was chased by Sher Shah. At that time, a son was born to him. Mughals used to celebrate the birth of a baby through distribution of gifts to their people. Humayun being in exile, had nothing much with him, except for a piece of kasturi (deer musk). Humayun divided it into smaller pieces and distributed them amongst his people and courtesans and prayed, 'Let the name of my little son Akbar be spread over the whole world like the fragrance of kasturi'. His prayers was fulfilled.

After getting back his empire, Humayun could rule it for a very short period of time. After his death, Akbar became the emperor at an early age of thirteen. Bairam Khan, the guardian of Akbar, acted on his behalf to administer the defense and administration till Akbar turned eighteen. Before that, Akbar spent his time in sports as well as in hunting. Meanwhile, in 1556, Bairam Khan had to fight a number of wars to crush all the potential threats to Akbar's throne. This includes a fierce battle against a very powerful Afghan army led by Himu. Thereafter, in 1560 Akbar became the supreme authority, when the power and control was transferred from Bairam Khan to him.

Akbar ruled for almost 50 years.A strong personality and a successful leader, Akbar gradually extended the Mughal empire to include much of the Indian subcontinent. He built a

powerful military system and initiated effective political and socialreforms. During his reign, the capitals Delhi and Agra, were recaptured from Afghans;entire empire was partitioned into administrative provinces for smooth running, revenue system was reformed, large road network was built and maintained for smooth communication.

Akbar gave equal importance to people of all religions. Dīn-i Ilāhī was an ethical system founded by him. There were no sacred scriptures or a priestly hierarchy in this system.The soul was encouraged to purify itself through yearning for God, celibacy was condoned, and the slaughter of animals was forbidden.

Akbar was passionate about music, art and literature. He created a library of over 24,000 volumes written in Arabic, Greek, Latin, Kashmiri, Persian, Sanskrit and Urdu. He did much of the cataloging himself through three main groupings.There were nine very talented persons in his court who were called together the Navaratna, the NineGems.Birbal and Tansen were the most well-known among them. Birbal was his advisor and Tansen was the court musician. Foundations for a multicultural empire under Mughal rule were laid during his reign.



The Navratna in Akbars Court

"People's identities as Indians, as Asians, or as members of the human race, seemed to give way - quite suddenly - to sectarian identification with Hindu, Muslim, or Sikh communities."

CRIME AND MENTAL WELL BEING

Ahana Basu

Crime and mental well-being are co-related. Crime forces a person to become mentally unhealthy and mental illness forces a person to commit a crime. In this perspective, many rules and policies are designed to motivate a person by taking him to a rehabilitation center.

Now what is crime? According to the Indian penal code crime is defined as a “wrongdoing in society”. The next questions come that are whether and to what extent community-level factors affect mental health of public? Constant rumors or de- motivation is the main reason for a person going into depression, ultimately leads to commit suicide. People will keep demotivate but we have to remain strong and fight for ourselves.

One of the trending examples I want to give that school students fight to achieve high marks in examinations. The word “competition”is rooted in there head. But trust me there is no way to do it. If I want to score 90 % I should target only for that, leaving what others are doing there. I should focus on my aims and goals what makes me happy not others. The way our generation is flowing it which will soon lead to an uneven or imbalance in society.

After fighting in school and returning home a child fights again with parents is also another cause for crime. We the Indians regard our parents as God .Nowadays college going students are also in depression. So from where it is coming from? Serve depression to lead to a crime. Having a fight with one person and affecting it into others is a also a crime. Now a person who does the crime is one type. The person who sees it have another level of trauma and the person who listen to it get affected in other manner. Crime can also occur to take revenge, from depression and poverty. So we have to find it out why crime is increasing. Laws are there to give punishment to the occurrence.

Crime is basically defined through the eyes of society. An act is not a crime until society doomed it to be and if society considers some act not opposed to their group sentiments than that act is not a crime at all. Crime is an act which offends and threatens the society, and thus such acts need to be punished. The basic reasons behind the making of law are to penalize those who commit a crime and these laws are the result of society’s need to stop happening of such acts. We nowadays without sharing problem to our near and dear one we share it with social media (Facebook, whats app) with views of comment and opinions which also leads a crime sometime. So we have to change some habit from our nowadays lifestyle ….

And here a self-realization that I can suggest that to motivate yourself. No doctor, no medicine can cure you until you motivate yourself. So keep patience and try to motivate yourself.Yes it will take time, but if you think you will do it or you have to do it then only you can do it.No other can do it for you. So my suggestion to my juniors is that“don’t run in a race, do what you like, enjoy your childhood and play. Every phase of a human life have a different meaning and motive. So enjoy that too”.

কাদম্বিনীর কথা

ঈশিতা দে

উনিশ শতকের শেষ দিকের কলকাতা। সকালবেলার রাস্তায় ব্যস্তভাবে ছুটে চলেছে এক ঘোড়ার গাড়ি। দরজা বন্ধ, জানলা অর্ধেক খোলা, ভেতরে আবছা আলো, গাড়িতে কারা বসে তা বোঝা যাচ্ছে না, বাইরে থেকে দেখে মনে হয় কোনও আপিস-বাবু চলেছেন। আসলে গাড়ির ভিতরে বসে দুই বাঙালি মহিলা! একজন সুন্দরী, গৌরবর্ণা, লম্বায়-চওড়ায় মানানসই চেহারা। আর একজন অপেক্ষাকৃত ছোট-খাট চেহারার। দুজনেরই পরিপাটি বেশবাস। প্রথমজনের হাতে কুরুশ বোনার কাঠি আর সুতো, হাত চলছে দ্রুত গতিতে, ফুটে উঠছে লতাপাতার সুচারু নকশা। দ্বিতীয়জনের কোলে কাঠের মাঝারি আকারের বাক্স, তিনি মাঝে মাঝে জানলা দিয়ে দেখছেন গাড়ি কোন রাস্তায় চলেছে।

অবশেষে গাড়ি এসে পৌঁছল একটা বড় বাড়ির ফটকের সামনে, দারোয়ান ফটক খুলে দিল, গাড়োয়ান গাড়ি নিয়ে গিয়ে দাঁড় করাল একটা গাড়ি বারান্দার নিচে। বাড়ির কর্তা সামনের ঘরে অস্থিরভাবে পায়চারি করছিলেন, গাড়ি থামতেই হাতজোড় করে দরজার সামনে এসে দাঁড়ালেন। গাড়ি থেকে নেমে সামান্য কুশল বিনিময় করেই দুই মহিলা তাড়াতাড়ি ভিতরে চললেন। পথ দেখিয়ে নিয়ে চললেন আরও দু-তিনজন মহিলা। ভিতরের একটি ঘর থেকে ভেসে আসছে একটি অল্পবয়সী মেয়ের কাতরানি, প্রসব-বেদনায় ছটপট করছে মেয়েটি। সবাই মিলে ঐ ঘরের দিকেই চলেছেন। আগন্তুক মহিলারা বাড়ির দু-একজন মহিলাকে নিয়ে ঘরের ভিতরে চলে গেলেন। কর্তাবাবু উদ্বিগ্ন মুখে বাইরে অপেক্ষা করতে লাগলেন।

একমিনিট, দু-মিনিট করে সময় কাটতে লাগল, প্রায় একঘণ্টা বাদে সুন্দরী মহিলা আর তাঁর ছোটখাট চেহারার সহকারিণী বেরিয়ে এলেন— ভালভাবে প্রসব হয়েছে, প্রসূতি ও শিশু দুজনেই সুস্থ আছে, মুখে তাই পরিতৃপ্তির হাসি। কর্তার মুখেও হাসি ধরে না। ভোর-রাত থেকে প্রসব-বেদনায় কষ্ট পাচ্ছিল তাঁর মেয়েটি, সকাল হতেই দাই-দের ডাকা হয়েছিল। কিন্তু তারা এসে দেখেশুনে বলেছিল, এ বড় কঠিন কেস, মা বা শিশু বা দুজনেই মারা যেতে পারে। তখন গাড়ি পাঠিয়ে এই দুই মহিলাকে আনা হয়েছে। মা এবং শিশু দুজনেই সুস্থ আছে শুনে কর্তা এঁদের কিভাবে ধন্যবাদ দেবেন, কিভাবে আপ্যায়ন করবেন ভেবে পান না! দাসীকে ডেকে ধমক দেন— "এঁদের জলখাবারের ব্যবস্থা হয়েছে? গিন্নিমা কোথায়?" দাসী বলে— "গিন্নিমা রান্নাঘরে— জলখাবার হয়ে এল, এখন এনারা তৈরি হলেই হয়।" এই বলে সে দুজনকে কলঘর দেখিয়ে দেয়। অল্পসময়ের মধ্যেই দুজন তৈরি হয়ে আসেন। ভিতরের বারান্দায় দুটি আসন পাতা, সামনে কলাপাতা। দুজনে বসতেই রান্নার ঠাকুর পরিবেশন করে লুচি, ছোলার ডাল, আলুর দম, মিষ্টি। ভাল রান্না, দুজনে তৃপ্তি করে খেলেন, কর্তা পুরো সময়টা সামনে দাঁড়িয়ে রইলেন।

খাওয়া শেষ করে, সম্মানদক্ষিণাটি ব্যাগে পুরে দুজনে বাড়ির পথ ধরলেন। গল্পটা এই ভাবে শেষ হলেই ভাল হত, কিন্তু ঠিক সেইরকমটি হয়নি। খাওয়া শেষ না হতেই দাসী এসে বলল— "গিন্নিমা বলে পাঠালেন দাইরা যেন পাতা তুলে এঁটো পরিষ্কার করে দিয়ে যায়, ঝিরা ওসব করতে পারবে না" .....

.....

লম্বাচওড়া সুন্দরী মহিলাটি হলেন ডাক্তার কাদম্বিনী গঙ্গোপাধ্যায় আর সঙ্গের মহিলাটি হলেন তাঁর সহকারিণী নগেনদিদি। আজ পয়লা জুলাই, ২০২১ সাল, চিকিৎসক দিবস। সেই উনিশ শতকের শেষ ভাগ থেকে এই একুশ শতকের তৃতীয় দশক— এই একশো কুড়ি বছরে কি আমরা কি এক হাজার বছর পেরিয়ে আসিনি?

সুন্দরী কাদম্বিনীর মুকুটে অনেক পালক। ১৮ই জুলাই ১৯৬১ সালে বিহারের ভাগলপুরে তাঁর জন্ম। ১৮৭৮ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে তিনি এনট্রান্স পাস করেন, তার আগে আর কোন মেয়ে ঐ পরীক্ষাতে পাস করেননি। বলতে গেলে তাঁর জন্যই বেথুন কলেজ প্রথমে এফ-এ কোর্স, পরে বি-এ কোর্স চালু করে। তারপর ১৮৮৩ সালে তিনি ও চন্দ্রমুখী বসু কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে গ্র্যাজুয়েট হন। তাঁরা দুজন সারা দেশের (কেউ কেউ বলেন সারা ব্রিটিশ সাম্রাজ্যেরও) প্রথম মহিলা গ্র্যাজুয়েট। হাজার বাধা পেরিয়ে ১৮৮৩ সালেই কাদম্বিনী মেডিকেল কলেজে ভর্তি হলেন। ১৮৮৬ সালে GBMC পাস করে হলেন দেশের প্রথম প্র্যাকটিসিং মহিলা ডাক্তার। এই বিষয়ে বম্বের আনন্দীবাই জোশীর নাম করা যায়। তিনি আমেরিকা থেকে ডাক্তারি পাস করেন ১৮৮৬ সালে আর ঐ বছরের শেষের দিকে দেশে ফিরে প্র্যাকটিস শুরু করেন। কিন্তু পরের বছরই ১৮৮৭ সালের ফেব্রুয়ারি মাসে মাত্র বাইশ বছর বয়সে আনন্দীবাই যক্ষ্মারোগে মারা যান। তাই তাঁর চিকিৎসক জীবন তিন-চার মাসের বেশি স্থায়ী হয়নি।

কাদম্বিনীর সাফল্যের খবর ছড়িয়ে পড়তে দেরি হয়নি। এমন কি ফ্লোরেন্স নাইটিংগেলও কাদম্বিনীর বিষয়ে জানতে আগ্রহী ছিলেন। ১৮৮৮ সালে লেখা নাইটিংগেলের একটি চিঠিতে তার প্রমাণ পাওয়া যায়। ১৮৯৩ সালে কাদম্বিনী ইংল্যান্ড গেলেন, ভর্তি হলেন এডিনবরা মহিলা মেডিকেল কলেজে। তারপর অল্প সময়ের মধ্যেই তিনটি ডিপ্লোমা পেলেন — LRCP (এডিনবরা), LRCS (গ্লাসগো), GFPS (ডাবলিন)। ১৮৯৫ সালে দেশে ফিরে তিনি প্রথমেই গেলেন নেপালে— রাজমাতার চিকিৎসা করতে। রাজমাতাকে সারিয়ে অনেক সম্মান অর্জন করে কাদম্বিনী ফিরলেন কলকাতায়। তারপর আক্ষরিক অর্থেই জীবনের শেষ দিনটি (৩ অকটোবর, ১৯২৩) পর্যন্ত তিনি চিকিৎসা করেছেন।

সারাজীবন কাদম্বিনী প্রচুর কাজ করেছেন— সংসার এবং ডাক্তারি পেশা সামলে তাঁকে রাজনীতির মঞ্চেও দেখা গেছে। ১৮৮৯ সালে ভারতীয় জাতীয় কংগ্রেসের পঞ্চম অধিবেশনে তিনি ছিলেন ছয়জন মহিলা প্রতিনিধির অন্যতমা। বাংলা বিভাজনের পরে ১৯০৬ সালে যে মহিলা অধিবেশন হয় তিনি ছিলেন তার প্রধান উদ্যোক্তা।

বিহারের ভাগলপুর থেকে একটি মেয়ে এসে এত কাণ্ড করল, সেজন্য অবশ্য তাঁর সহযোগী পুরুষদেরও কৃতিত্ব অনেকটা। কাদম্বিনীর বাবা ছিলেন ব্রাহ্ম নেতা ব্রজকিশোর বসু। বাংলাদেশের বরিশাল জেলার লোক হলেও তিনি হেডমাস্টারি করতেন ভাগলপুরে। মেয়েদের শিক্ষার ব্যাপারে তাঁর উৎসাহ ছিল দেখার মত। আবার কাদম্বিনীর স্বামী ছিলেন ডাকসাইটে ব্রাহ্ম নেতা দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়, বঙ্গ মহিলা বিদ্যালয়ের অন্যতম প্রতিষ্ঠাতা। প্রধানত স্বামীর উৎসাহেই কাদম্বিনী মেডিকেল কলেজে ভর্তি হন। দ্বারকানাথ তাঁর স্ত্রীকে শিক্ষার আলোতে উজ্জ্বল ভবিষ্যতের দিকে এগিয়ে দিতেন, আবার সমাজের নানা নিন্দে-মন্দের আঘাত থেকে হাত থেকে রক্ষা করার চেষ্টা করতেন। স্ত্রীর সম্মানরক্ষার জন্য তিনি কতটা সক্রিয় ছিলেন তার একটা উদাহরণ দিয়ে এই লেখা শেষ করি।

কলকাতার একটি পত্রিকায় একবার কাদম্বিনীকে ব্যঙ্গ করে একটি লেখা বেরোয়। পত্রিকা থেকে লেখাটি কেটে নিয়ে পকেটে পুরে স্বামী চললেন সম্পাদকের দপ্তরে। হাতে তখনকার দিনের প্রথামত একটি লাঠি। দপ্তরে পৌঁছে ভাঁজ করা কাগজটি সম্পাদকের হাতে দিয়ে চোখ পাকিয়ে বললেন— "এই লেখা তোমার?" সম্পাদকমশাই অবাক— "হ্যাঁ, তাতে কি হয়েছে?" দ্বারকানাথ কাগজটা ছিনিয়ে নিয়ে গুলি পাকিয়ে সম্পাদকের দিকে ছুঁড়ে দিলেন, বললেন— "হয়েছে এই যে আমি হলাম দ্বারিক গাঙ্গুলি আর আমার স্ত্রীর নাম ডাক্তার কাদম্বিনী গাঙ্গুলি। Now I will make you eat your own words. কাগজের এই গুলি এখনই গিলে নাও, নয়তো কি হবে বুঝতেই পারছ!" বলে হাতের মোটা লাঠিটা মেঝের উপর ঠুকতে লাগলেন। বলিষ্ঠ চেহারার দ্বারকানাথের ঐ মূর্তি দেখে সম্পাদকের গলা তো শুকিয়ে কাঠ। টেবিলের উপর থেকে গ্লাসটা তুলে নিয়ে চোঁ করে জলটা গিলে নিলেন, সঙ্গে ঐ কাগজের গুলিটাও। দ্বারকানাথ বললেন—"এই সম্পাদকীয় প্রত্যাহার করে কালই যেন বিজ্ঞপ্তি বেরোয়, দেরি যেন না হয়! নয়তো আমি আবার আসব!" বলে হাতের লাঠিটা ফের ঠুকতে লাগলেন মেঝের উপর। বলা বাহুল্য, সম্পাদকীয় প্রত্যাহার করে বিজ্ঞপ্তি বেরোতে কোন দেরি হয়নি!

তথ্যসূত্রঃ

১। পাকদণ্ডী, লীলা মজুমদার, আনন্দ পাবলিশার্স
২। প্রথম আলো, সুনীল গঙ্গোপাধ্যায়, আনন্দ পাবলিশার্স
৩। https://en.wikipedia.org/wiki/Kadambini_Ganguly
৪। https://www.indiatoday.in/education-today/gk-current-affairs/story/kadambini-ganguli

অন্যান্যবারের মত এবারেও আমাদের পত্রিকা সম্পাদক প্রসুন গঙ্গোপাধ্যায় ছোটদের কাছ থেকে লেখার আহ্বান করেছিলেন । এই সংখ্যার বিষয় ছিল — ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে নারী! আমাদের দুই আত্মজ কৌশিক ভট্টাচার্য এবং ঋতায়ন চট্টোপাধ্যায় এবং সেই সঙ্গে ঈশিতা দে'র কাছ থেকে লেখা পেলাম আমরা। এছাড়াও আমরা লেখা পেয়েছি আত্মজা অহনা বসু এবং আত্মজ ইমন ঘোষের কাছ থেকেও। আমাদের আহ্বানে সাড়া দেবার জন্যে সবার জন্যেই রইলো উষ্ণ ভালোবাসা .....



এই ছবিটি আমাদের জন্যে উপহার দিয়েছেন শিল্পী—তৌশিনি দাস
বয়স—৩ বছর

নিয়মিত বিভাগ — শ্রী প্রভাত কুমার চট্টোপাধ্যায়

পাখিদের কথা: ৩য় পর্ব

বসন্ত বউরি(Coppersmith Barbet)

এই পাখিটাকে আমরা হয়তো অনেকেই চিনি। এক পাখি, হরেক নাম। এক এক জায়গায় এর এক এক নাম। গাঁয়ের লোকের যা ইচ্ছে হয় মনে, তা দিয়েই এই পাখিটার নামকরণ করে। তবে একে বসন্ত বউরি নামে অনেকেই সহজে চিনতে পারে। এটা একটা ছোট্ট পাখি, বলতে গেলে অনেকটা চড়ুইয়ের মত। গাছে গাছে উড়ে বেড়ায়, একঘেয়ে টুক্ টুক্ করে ডেকে ডেকে জানান দেয় তার উপস্থিতির কথা। বসন্ত বউরি গাছের সবুজ পাতার আড়ালে বসে ডাকতে থাকে, তার দেখা পাওয়ার জো নেই।

এক ঝলক দেখলে মনে হয় যেন সবুজে রঙের একটা ছোট্ট পাখি। মাথা আর বুকটা টক্‌টকে লাল, লাল বুকের পর থেকে শরীরের নীচের দিকে হলদে পালকের উপর সবুজ ছিট্ ছিট্। ঠোঁট খুব মোটা এবং ভারীও বটে। ঠোঁটের রঙ আবার কালো। পায়ের রঙ লালচে, চোখের তারা খয়েরী। লেজটা তার ছোট, অনেকটা ঢোকানো; দ্রুত ছুটে বাড়ায় ডানা ঝাপটে। চোখের নিমেষে কোথায় যেন চলে যায়, হয়তো বা অন্য কোন গাছের ডালে।

বসন্ত বউরিকে সাধারণতঃ দেখা যায় বসন্তের শুরুতে, গরমকালের শেষ অবধি। গাঁয়ে-শহরে এই পাখি টুক্-টুক্‌রো করে ডাকতে থাকে। অনেকেরই কানে আসে সেই ডাক। এই ছোট্ট পাখিদের জীবনটা কেটে যায় গাছের ডালে ডালে আর পাতায় পাতায়। পোকামাকড় ধরার মত ওড়ার কায়দা তার জানা নেই। সোজা ভাবে তারা উড়তে পারে, কখনো নীচু ডালে নেমে বসে না। বিশেষতঃ উঁচু গাছের সবুজ পাতার আড়ালে বসে স্যাক্‌রার হাতুড়ী ঠোকার মত ঠক্ ঠক্ শব্দ করে বলে অনেকে একে স্যাক্‌রা পাখিও বলে থাকে।

এরা শীতের শুরু থেকে বর্ষারম্ভ পর্যন্ত গাছের ডালে গর্ত করে বাসা বানায়। দু'জনে মিলে একসাথে কাজ করে এই বাসা বানাতে। সংসারের যাবতীয় কাজ দু'জনে মিলে ভাগাভাগি করে সম্পন্ন করে। বসন্ত বউরির প্রিয় খাবার তালিকায় থাকে বট-অশ্বত্থ-পাকুড় গাছের ফল, আর উড়ন্ত পোকামাকড়।

বসন্ত বউরি(Coppersmith Barbet)

ছবি— ইন্টারনেট থেকে সংগৃহীত

তৃপ্তি

শর্মিলা মজুমদার

অনিকেত অফিস থেকে ফিরে কলিংবেল বাজিয়েই শুনতে পেল বাড়ির ভেতর থেকে রুনার চাপা কান্নার আওয়াজ। ওর মনে পড়ে যায় কিছু বছর আগের কথা, যখন অনিকেত ও রুনা দু'জনের কেউই মানসিকভাবে সুখী ছিল না। বিবাহিত জীবনের আটবছর পরেও ওদের সন্তান ছিল না। ওরা দুইজন একে অপরকে ভালোবেসে বিয়ে করেছিল। ওই কঠিন সময়ে পরিস্থিতির মুখোমুখি হয়ে লড়াই করার মানসিক জোর বজায় রেখেছিল ওদের ভালোবাসা এবং বিশ্বাস। অনিকেতের মা এসে দরজা খোলেন। মায়ের মুখে অসন্তোষের প্রকাশ দেখেই অনিকেতের বিষয়টি বুঝতে অসুবিধা হয় না। কারণ, বিগত দুই বছর ধরে এই অশান্তি দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে। অথচ, যখন তৃপ্তি প্রথম এই বাড়িতে এসেছিল, তখন কিন্তু এই রকম অমানবিক পরিস্থিতির অবতারনা হয় নি।

অনিকেত ও রুনার দীর্ঘ ১৮ বছরের বিবাহিত জীবনে কখনো পারিবারিক অশান্তির সৃষ্টি হয় নি। না, আট বছর সন্তানহীন থাকার পরেও না। রুনা শ্বশুর বাড়িতে আদরিনী হয়েই থেকেছে। অনিকেতের বাবা-মা পুরোন মানসিকতার হলেও ওঁদের সঙ্গে মানিয়ে নিতে রুনার কোনও অসুবিধা হয় নি। অনিকেতও দায়িত্বশীল মানুষ। বাবা -মা, স্ত্রী ও সংসারের প্রতি যত্নবান। বাবা-মা হওয়ার আকাঙ্ক্ষা ওদের নিয়ে গিয়েছে বিভিন্ন ডাক্তারের দরজায়। সেই কিছু বছরে ওরা অনেক রকম অভিজ্ঞতার মুখোমুখি হয়েছে। যেখানে শুনেছে ভালো ডাক্তারের কথা – ছুটে গিয়েছে। কিছুদিন চিকিৎসার পর বিফল হয়ে একরাশ হতাশা নিয়ে ফিরে এসেছে। আবার দুইজনে কোথাও ঘুরতে গিয়েছে – কয়েক দিনের জন্য মনকে ভুলিয়ে রাখার ব্যবস্থা করতে। দীর্ঘদিন বিভিন্ন চিকিৎসকের কাছে গিয়ে একটা কথা বুঝেছে যে চিকিৎসক কিন্তু প্রথমেই বুঝে যান কাদের চিকিৎসা সফল হবে, আর কাদের হবে না। কিন্তু তাঁরা আমাদের জানান না। মানুষের দূর্বল মনের অসহায়তার সুযোগ নিয়ে চলে চিকিৎসার নামে ব্যবসা। এইভাবেই চলছিল আশা-নিরাশার দোলায়। কিন্তু রুনা এইভাবে আর মানসিক কষ্ট নিতে পারছিল না। দিনে-দিনে ও চুপ হয়ে যায়। ক্রমশঃ নিজেকে গুটিয়ে নিতে থাকে নিজের মধ্যে। মনোস্তরের এক অজানা জগতের দিকে পা বাড়ায়। 'মা' ডাক শোনার আকুলতা শান্ত রুনাকে অস্থির করে তোলে। ওর এই পরিবর্তন ওর আপনজনদের বুঝতে একটু সময় লেগে যায়। বিষয়টি প্রথম বুঝতে পারেন রুনার শাশুড়ি। সারাদিন একসাথের থাকার জন্য তাঁর কাছে অস্বাভাবিক লাগে রুনার আচরণ। রুনা এতটাই আন্‌মনা হয়ে থাকে যে প্রায় কোন কথাই যেন সে শুনতে পায় না। যন্ত্রচালিত মানুষের মত সংসারের গতানুগতিক কাজগুলি করে যায়। তিনি লক্ষ্য করেন, মাঝেমধ্যেই সে আপন মনে বিড়বিড় করে কিছু বলে চলে। অনিকেতকে তিনি সব জানান। অনিকেতের কাছেও কিছুদিন ধরে রুনার ব্যবহার অস্বাভাবিক লাগছিল। মা-ছেলে আলোচনা করে একদিন রুনার সঙ্গে কথা বলে। রুনা শুধুই উদ্‌ভ্রান্তের মতো শূন্য দৃষ্টি নিয়ে জানলার বাইরে তাকিয়ে থাকে; তার দুই চোখ দিয়ে অবিরাম জলের ধারা। পরিবারের সকলেই খুবই বিচলিত হয়ে পড়েন রুনাকে নিয়ে। এই রকম এক সময়ে রুনার বাবা-মা অনিকেতের বাড়িতে আসেন এবং ওকে মনো-চিকিৎসকের সঙ্গে যোগাযোগ করার পরামর্শ দেন। অবিলম্বেই সে রুনাকে নিয়ে মনোবিদের কাছে যায়। মনোবিদের কাছে তিন থেকে চারবার যাওয়ার পর রুনার মনোজগতের জট খুলতে থাকে। একদিন মনোবিদ অনিকেতকে জানান যে মাতৃত্বের অভাববোধ থেকেই রুনার এই মনোকষ্টের সূত্রপাত। তিনি একটি শিশুকে দত্তক নেওয়ার পরামর্শ দেন। অনিকেত নিজের বাবা-মা এবং রুনার বাবা-মাকে ডেকে ও রুনাকে সাথে নিয়ে মনোবিদের পরামর্শ সকলকে জানায়। রুনার বাবা-মা জানিয়ে দেন যে তাদের কোন আপত্তি নেই এবং, সবাইকে অবাক করে দিয়ে, অনিকেতের পুরোন মানসিকতার বাবা-মাও কিন্তু উদারতা দেখান। মা হওয়ার আনন্দে রুনা ধীরে ধীরে সুস্থ হয়ে ওঠে।

জীবন ওদের জন্য এই নতুন অভিজ্ঞতার ডালি সাজিয়ে রেখেছিল। পাঁচটি দত্তক কেন্দ্রের সঙ্গে ওরা যোগাযোগ করে। সেখানে গিয়েও দেখে কতো দম্পতি দীর্ঘ অপেক্ষায় রয়েছেন সন্তানসুখ লাভের জন্য। একটি দত্তক কেন্দ্রের আধিকারিকের সঙ্গে ওদের কথা চূড়ান্ত হয়। প্রথমেই ওরা ঠিক করে নেয় যে মেয়ে সন্তান দত্তক নেবে। রুনা আনন্দে আত্মহারা; মেয়েকে সে দেখেওনি, কিন্তু তারজন্য প্রয়োজনীয় সবকিছু সংগ্রহ করতে শুরু করে দেয়। এরপরে এলো সেই বহু প্রতিক্ষিত দিন। অনিকেত-রুনা প্রথম তাদের সন্তানকে দেখল। মাত্র দেড়মাসের এক দেবশিশু। দুইজনেরই চোখে জল এসে যায়। রুনা মেয়েকে কোলে নিয়ে আধিকারিককে অনুরোধ করে যে সে তার মেয়েকে বাড়ি নিয়ে যেতে চায়; আইনি কাজ চলুক তার পথে। কিন্তু তা যে হবার নয়; বাস্তব বড়কঠিন। এরপর দ্বিতীয় দিন যেদিন দত্তক কেন্দ্রে যায় মেয়েকে বাড়ি আনার জন্য, সেদিন বাকি শিশুদের জন্য উপহার ও খাদ্যসামগ্রী ওরা দু'হাত ভরে নিয়ে যায়। কিন্তু ভিতরে গিয়ে রুনার বুক হাহাকার করে ওঠে। এতো শিশু অনাথ! কতো দম্পতি সন্তান পাওয়ার জন্য বিভ্রান্ত হয়ে ঘুরে বেড়াচ্ছে, আর সেখানে এতো শিশুবাবা-মা-হারা, পরিবারহীন হয়ে রয়েছে! ওর মনেহয়, আর্থিক সামর্থ থাকলে সে আরো কিছু শিশুর 'মা' হয়ে উঠতে পারতো। বড় অসহায় মনেহয় নিজেকে। অনিকেত কথা দেয় মেয়ে একটু বড় হলে ওরা আরো একটি সন্তানকে দত্তক নেবে। মেয়েকে নিয়ে গর্বিত বাবা-মা বাড়ি আসে। অনিকেতের মা শঙ্খ বাজিয়ে নাতনিকে অভ্যর্থনা করেন। রুনা মেয়ের নাম দেয় তৃপ্তি। বাড়িতে আনন্দ উৎসব হয়; আত্মীয়-স্বজন, প্রতিবেশী প্রায় একমাস ধরে উপহার নিয়ে এসে তৃপ্তিকে দেখে যান। রুনা-অনিকেতের কিন্তু কোন দিকে মন নেই। মেয়েই ওদের জগৎ; ওদের জীবনটাই বদলে দিয়েছে ওই একরত্তি ফুটফুটে শিশুটি। ঠানদা-ঠানদি, দাদু-দিদার আদরে-নজরে তৃপ্তি বেড়ে উঠতে লাগলো। অনিকেত-রুনা ভালো স্কুলে ওকে ভর্তি করিয়েছে। খেলা-পড়াশোনা, বেড়াতে যাওয়া, সব মিলিয়ে তৃপ্তি খুবই ভালো আছে এবং তৃপ্তি আসার পর বাড়ির সবাইও ভালো আছেন; রুনারও আর কোন সমস্যা নেই।

কিন্তু রুনা আবার কাঁদছে। নিরবচ্ছিন্নভাবে সুখে থাকা বোধহয় রুনার ভাগ্যে নেই। গত দুই বছর ধরে রুনা আবার মানসিক কষ্টের মধ্যে দিয়ে যাচ্ছে। অনিকেতও এই জায়গায় বড় অসহায় হয়ে পড়েছে। তৃপ্তির যখন বছর আটেক বয়স তখন একদিন আকস্মিকভাবেই রুনা বুঝতে পারে প্রাকৃতিক নিয়মেই সে 'মা' হতে চলেছে। আনন্দে রুনা আত্মহারা হয়ে যায়। অনিকেতকে জানায়। দুইজনে ডাক্তারের কাছে গিয়ে নিশ্চিত হয়। এইটাই তো চেয়েছিল এতোবছর ধরে। আজ অযাচিতভাবে সেই উপহার ওরা পেতে চলেছে। মনে মনে ওরা ঈশ্বরকে ধন্যবাদ জানায়। ডাক্তারের কাছ থেকে ফিরে বাড়িতে এসে ওরা সুখবরটা সবাইকে জানায়। অনিকেতের বাবা খুবই আনন্দিত হন; কিন্তু সমস্যা আসে ওর মায়ের দিক থেকে। আনন্দিত তিনিও হয়েছেন; তবে তিনি অপ্রত্যাশিতভাবে একটি অদ্ভুত প্রস্তাব দেন। বলেন, 'নিজেদের সন্তান যখন আসছেই, তখন যেখান থেকে মেয়েকে এনেছিলে সেখানে ওকে রেখে এসো'। ঘরের মধ্যে যেন বজ্রপাত হয়। কয়েক মুহূর্ত কারো মুখ থেকে শব্দ সরে না। নীরবতা ভেঙ্গে অনিকেতের বাবাই প্রথম বলেন, 'এ কি কথা তুমি বললে? এতো নিষ্ঠুর তুমি কি করে হলে?' অনিকেত বলে, 'মা, তৃপ্তি আমাদের মেয়ে, তোমাদের নাতনি। ওকে ছাড়া আমরা বাঁচবো না'। কিন্তু ওঁর সেই এক কথা। রুনা এতোটাই বিস্মিত যে ওর মুখ থেকে কথা সরে না। বেশ কিছুদিন এই নিয়ে বাড়িতে অশান্তি হতে থাকে। রুনা বোঝে না যে সে একটি সন্তানের জন্ম দিতে চলেছে বলে তৃপ্তি কেন শাস্তি পাবে। এই সম্ভাব্য জন্মের জন্য তো তৃপ্তি দায়ী নয়। একটি অসহায় শিশুকে কিভাবে আবার পরিবার থেকে বঞ্চিত করা যায়? আর তাছাড়া তার মাতৃত্বের আকাঙ্ক্ষা তো সেই মিটিয়েছে। রুনা আর অনিকেতের ছায়া হল তৃপ্তি, ওদের অস্তিত্ব হল তৃপ্তি। রুনার শাশুড়ি এবার তাকে বলে, 'কার না কার মেয়েকে আর ঘরে রাখার প্রয়োজন নেই, যখন তুমি নিজেই মা হতে চলেছো'। রুনা শান্ত মাথায় শাশুড়িকে অনেক বোঝায়। তখনকার মত তিনি চুপ করে গেলেও কিন্তু নিজের মতামতেই স্থির থাকেন। বাড়ির কারোর কথাই তিনি মানছেননা। এমনকি তৃপ্তির প্রতি ব্যবহারেও পার্থক্য দেখা যায়। সমস্যা আরও বাড়ে রুনা একটি পুত্রসন্তান জন্ম দেওয়ার পর। রুনার এত সুখের দিনেও চোখের জল বাঁধ মানেনা। তৃপ্তি ওর ছোটভাইকে খুব ভালোবাসে; সব সময় নজরে রাখে। কিন্তু অনিকেতের মা দেখতে পেলেই ওকে তাঁর নাতির কাছ থেকে সরিয়ে দেয়, ছুঁতে দেয়না। একদিন অনিকেতের চোখে পড়ে বিষয়টি। প্রবল প্রতিবাদ করে ওঠে সে। অনিকেতের বাবাও ভর্ৎসনা করেন। কিন্তু সকলের আড়ালে তিনি নিজের মতই থাকেন। ঠাম্মির আদর থেকে বঞ্চিত তৃপ্তিও দুঃখ পায়; কাঁদে ওর মায়ের কাছে।

ওদের ছেলের এখন বছর খানেক বয়স। আজও অনিকেত বাড়ি ফিরে দেখে একই পরিস্থিতি, একই পরিবেশ বাড়ির। তৃপ্তিও এখন কিছু কিছু বুঝতে পারে। সেটাই সবথেকে ভয়ঙ্কর ওদের কাছে এবং অবশ্যই তৃপ্তির কাছে। অবাঞ্ছিত কিছু প্রশ্ন ওর শিশু মনে উঁকি দেয়। একদিন ঠান্দাকে জিজ্ঞেস্ করে, 'ঠাম্মি, কেন তুমি আমাকে আর ভালোবাসো না? তুমি আমাকে ভালোবাসো তো, ঠান্দা?' বাবা-মাকে প্রশ্ন করে, 'আমি কে গো? ঠাম্মি আমাকে কোথায় রেখে আসতে বলে? এটা আমার বাড়ি না?' রুনা দুই হাত দিয়ে মেয়েকে বুকে আঁকড়ে ধরে অঝোরে কাঁদে। অনিকেত মেয়ের মাথায় হাত বুলিয়ে ওকে বোঝায়। কিছুতেই এই পরিস্থিতি ঠিক হবার নয় বুঝে অনিকেতের বাবা ওদের পরামর্শ দেন, 'তোমরা আলাদা থাকো। তৃপ্তির ভবিষ্যতের জন্যই তোমাদের আলাদা থাকতে হবে। এখানে থাকলে ওদের ভাই-বোনের সম্পর্কও নষ্ট হবে'। অনিকেত বলে, 'কিন্তু তোমাদের বয়স হয়েছে। কে দেখবে তোমাদের?' রুনাও অনিকেতের কথায় সায় দেয়। তবে এটাও বোঝে যে শ্বশুরমশায় ঠিক কথাই বলেছেন। অনিকেত ওর মাকে এই সিদ্ধান্ত জানানোর পরেও ওঁরদৃঢ় বিশ্বাস ছিল যে একমাত্র ছেলে তাঁকে ছেড়ে যাবে না। তাই তিনি নিজের মানসিকতা বদলানোরও প্রয়োজন মনে করেননি। এইরকম অসহনীয় অবস্থায় অনিকেতের বাবা একদিন সবাইকে ডেকে জানান যে তিনি একটি বৃদ্ধাশ্রমে তাঁদের দুইজনের জন্য বুকিং করে এসেছেন। অনিকেতকে বলেন, 'আমি বুঝতে পারছি যে তোমার পক্ষে আমাদের ছেড়ে যাওয়া সম্ভব নয়, তাই আমি সবদিক ভেবে এই ব্যবস্থা নিয়েছি। ওখানে আমাদের অযত্ন হবে না। দেখাশোনার লোকও আছে। তুমি তোমার সাধ্যমত বৃদ্ধাশ্রমে টাকা পাঠিও'। অনিকেত বলে, 'কিন্তু বাবা, আত্মীয়-সমাজ তো বুঝবে না। তারা তো নিন্দা করবে'। বাবা বলেন, 'সবার আগে তোমার পরিবার। আর সমাজ তো আমাদের নিয়েই তৈরী হয়। যে সমাজে তোমার মায়ের মত মানসিকতার মানুষ আছেন, তাদের কথা না শুনলেও চলবে। তোমার মা যখন নিজেকে শোধরাতে পারলেন না, তখন তার জন্য এই শাস্তি ও এই ব্যবস্থাই শ্রেয়। আরেকটা কথা, কোনদিনও তৃপ্তিকে তোমার মায়ের কাছে নিয়ে যাবে না'।

রুনার শাশুড়ির চোখে জল। কিন্তু এখন আর কিছু করার নেই; দেরি হয়ে গেছে। এতদিন কারোর কোন কথাই তিনি শোনেননি, নিজের জেদে স্থির থেকেছেন। নির্দিষ্ট দিনে ওঁরা দুইজন বৃদ্ধাশ্রমের দিকে রওনা দেন। অনিকেত সঙ্গে যায়। রুনা দুই সন্তান নিয়ে বাড়িতে। রুনাও কাঁদছে; এইরকম পরিণতি তো সে চায় নি। দিন যায়, মাস যায়; অনিকেত বৃদ্ধাশ্রমে গিয়ে বাবা-মায়ের সঙ্গে দেখা করে, ওঁদের সমস্ত প্রয়োজন মিটিয়ে দেয়। রুনাও মাঝে মধ্যে যায় ছেলেকে নিয়ে। বাদ পড়ে যায় তৃপ্তি। কয়েক মাস তার ঠাম্মিকে না দেখতে পেয়ে শিশুমন চঞ্চল হয়ে ওঠে। বায়না ধরে ঠান্দা-ঠাম্মির কাছে যাবে। কিন্তু অনিকেত জানে তার বাবার নির্দেশের কথা। তবে মেয়ের বায়নার কাছে পরাস্ত হয় বাবার নির্দেশ। এর ছুটির দিনের সকালে ওরা চারজনেই উপস্থিত হয় বৃদ্ধাশ্রমে বাবা-মায়ের কাছে। ঠাম্মি নাত্নিকে জড়িয়ে ধরে অঝোরে কেঁদে চলেন। তৃপ্তি ঠাম্মির চোখ মুছিয়ে বলে, 'কেঁদো না, ঠাম্মি। এই তো আমি এসে গেছি তোমার কাছে'। তৃপ্তির সরল ভালোবাসায় ভেঙ্গে যায় সব বাঁধা। এরপর থেকে অনিকেত প্রায়ই সপরিবারে বাবা-মায়ের কাছে যায়। আবার অনিকেতের বাবা-মাও পূজোর ছুটি বা অন্যান্য ছুটিতে বাড়িতে গিয়ে একসঙ্গে সময় কাটান। রুনার চোখে আর জল নেই; রুনা আর কাঁদে না। তৃপ্তির সংসার এইভাবেই এগিয়ে চলে সামনের জীবনের দিকে।

"A rosy hue settles all around
You've got the feel you're on solid ground
For a spell or two, no-one seems forlorn
This comes to pass when a child is born

And all of this happens because the world is waiting,
Waiting for one child
Black, white, yellow, no-one knows
But a child that will grow up and turn tears to laughter,
Hate to love, war to peace and everyone to everyone's neighbour
And misery and suffering will be words to be forgotten, forever

It's all a dream, an illusion now
It must come true, sometime soon somehow
All across the land, dawns a brand new morn
This comes to pass when a child is born" (Fred Jay)

Happy memories we make with our family is not important... It's everything

Sheemantika Nag

I have been asked by my dear friends to share the experience of adopting my child, though not a child anymore but a vibrant young lady, whose growing up has taken us through a journey of joy and heartaches.

Sharing our experience of going through the process of adoption has been a family affair as we all cherish the memory of those times. Our daughter grew up listening to the story of her becoming a part of this family; so to get a proper picture of that experience, we all put in our experiences together. This could not have been possible with my singular effort.

We had decided to adopt rather suddenly, as just prior to that, we had spent couple of months with my sister's family, who had adopted a son and a daughter. In fact, we were highly influenced with the thought of adoption after spending that time with the family and observing very closely the way they were growing as a family with love and affection.

It wasn't a very easy decision, though we had some second hand experience. We did consult our close friends and relatives who had adopted. Probably the first question that arises in everyone's mind before adopting is how difficult is it to develop the bondage. Then of course there were several other mundane queries. All the feedback and their experiences seemed very good and encouraging. Then came the question of genes; yes, we all think a lot about the heredity factors without knowing anything. Today, I can very confidently say that genes surely has been responsible for the color of her hair and eyes as well as to a certain extent complexion, the rest of course is what she got from us over the years. Looking back, these queries and hesitations seem meaningless.

In the 90s, adoption laws were very different and totally dependent on the agencies. We decided that Missionaries of Charity was a renowned agency and got ourselves enrolled. Our first interview wasn't a pleasant one as we felt that the Sister-in-charge was a bit discouraging. My husband was rather upset with this situation but I was determined to go ahead and of course he was ready to give in with a little persuasion, as he too was keen on having a baby girl. Needless to say, the encouragement we got from our parents played a major role.

One might think that the Sister was heartless, being so discouraging , but come to think of it, one needs a lot of mental preparation before undertaking the responsibility of a child and may be the Sister was testing our eagerness for adoption. In the meantime, during these pre-adoptive sessions, there were several meetings with the social worker, and our families. Finally, there was the home study. A social worker visited our house to meet the family, friends and neighbors. I still remember the day and the excitement of my mother-in law. Thanks to her, we had a house full of people who were all very positive and encouraging about adoption. The home study thus was a cake walk, but very helpful.

We continued with our visits to the agency when finally Sister Bernie, who was in-charge, told us that they did have a girl child for us, but she was very tiny and underweight. Taking a decision was difficult and so we consulted an experienced doctor. He said that this was not a big deal as the children at these homes were usually underweight due to lack of individual care and love and this could be taken care of when she came home. So, we were ready to see our daughter.

I still remember that day as if it was yesterday. Off we went to visit our daughter, along with my mother. We reached the Home a little ahead of time. I was very excited and determined to love the little one, whoever was destined for us. Sister Bernie came in, a baby in her lap. My mother and I were already in the room waiting eagerly to see her but my husband was very nervous and skeptical and decided not to enter the room. So here comes the baby wearing a bright red frock, very tiny, with hardly any hair, two large ears and eyes with a killing smile on her face. It was love at first sight for me and my mother. In the mean time, my husband couldn't control his excitement and peeped through a tiny hole on the door of the room and the moment he saw the smile on the baby's face, he barged in and that tiny little angel looked at him and gave another toothless mind blowing smile and my husband immediately took her in his lap and as it was destined, we became parents!!!

Now, came the hardest part, "WAITING". She had to go through health check up, then the results of some pathological tests as advised by the doctor. It took about 7 to 10 days, and each day seemed like a month. Thank God the results were good and we finally got the permission to bring our daughter home. The very next day our family, with full of excitement went to bring our princess home.

Many years have gone by, some good days speckled with some not so good ones. Bringing up a child is no doubt hard, but it is never boring, rather I would say it is a challenge we enjoyed taking up.

[Pradip Nag , my husband and I had adopted Ahana our daughter in 1997. I came across an artcle about Atmaja in 2002. The concept of adoptive parents association interested me and I got in touch with Nilanjana Gupta one of the founding members, to begin our long journey with Atmaja.]

"এই একটি বিষয়
যা আসবে এবং দাবি করবে
"সত্যকে" --
এই একটি বিষয়
যা আসবে এবং আদেশ করবে
"সৌন্দর্য" --"
('এটি' , মূল কবিতা - মায়াকোভস্কি , ভাষান্তর - মুকুল গুহ)

Lucy is the name of our childhood dream

“This world at best could belong to some unnamed Hariyal or even a Shankhachil that has crossed over all the borders of this world.”

Swapan Naskar

To Bengalis, the name Lucy, will always be associated with Rabindranath Thakur as in the fag end of the 19th century, a certain Dr. Scott played host to the poet and one of his two daughters, Lucy fell in love with Rabindranath. She not only fell in love with the poet but practically proposed to him. But still this name Lucy has not been able to create much a of an impression in our minds. So, even today while discussing 'love in the poet's life' we remember a lot of other names, but not Lucy.

The word 'Lucy' or light reverberated in our hearts with an unknown thrill for the first time when in 1967, John Lennon of Beatles published his composition, 'Lucy in the sky of diamonds' in the famous album, Sgt Pepper's Lonely Heart Club Band. This thrill got further accentuated when the myth that this song was banned by BBC because of its association with the psychedelic drug LSD, got spread amongst the public. Officially, this famous broadcasting company never announced the so-called ban of Lucy. In fact they had banned another song and probably that's why this myth associating an infamous drug and a famous song got credence. Although Lennon had clarified that he had written the song remembering a picture of the classmate of his 3 year old son Julian had drawn, probably this was enough to send shivers of thrill in the hearts of domesticated Bengalis.

